মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ২৬৫৮ তারিখ: 22/09/24
অতিঃসচিব: প্রঃ/প্রাণি-২/মৎস্য/পরিকল্পনা/বাজেট ⊙ অবিলম্বে ব্যবস্থা নিন
যুগ্মসচিব: প্রাণি-১/আইন/ ⊙ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
যুগ্মসচিব: বু-ই:/প্রশাঃ-২/পরিকল্পনাঃ-১/২ ⊙ উপস্থাপন করুন
উপসচিব.............................../বাজেট ⊙ আলোচনা করুন
সচিবের একান্ত সচিব ⊙ মন্তব্য/মতামত দিন
স্বাক্ষর

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১০২.১১.০১৩.২৩.২৪৪ তারিখ: ২৮ভাদ্র ১৪৩১ / ১২ সেপ্টেম্বর ২০২৪

# বিজ্ঞপ্তি

বিষয়: **বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের বাণিজ্যিক উইংয়ে বিভিন্ন পদে প্রেষণে কর্মকর্তা নিয়োগ**

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ বাংলাদেশ মিশনের নিম্ন ছকে বর্ণিত বাণিজ্যিক উইংয়ে ইকনমিক মিনিস্টার, কমার্শিয়াল কাউন্সেলর ও প্রথম সচিব (বাণিজ্যিক) পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নপত্রসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম ও মিশন | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | **ইকনমিক মিনিস্টার**<br>জেনেভা, সুইজারল্যান্ড | ১টি | জাতীয় বেতন স্কেলের ৩য় গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, রপ্তানি পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণে রপ্তানি-আমদানি সংক্রান্ত তথ্য প্রদান, নতুন পণ্য রপ্তানির সম্ভাবনা সম্পর্কে পণ্যভিত্তিক প্রতিবেদন প্রেরণ, সম্ভাবনাময় খাতে বিদেশী বিনিয়োগ আকৃষ্টে উদ্যোগ গ্রহণ, বিদেশে অবস্থিত বিভিন্ন বাণিজ্য সংগঠনের সাথে যোগাযোগ ও দেশীয় বাণিজ্য সংগঠনের সাথে সংযোগ সাধন, বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা শীর্ষক বিশেষ সভা, সেমিনার ও রোড শো আয়োজন, বাণিজ্যিক ও বিনিয়োগ সংক্রান্ত প্রতিনিধি দল প্রেরণের উদ্যোগ গ্রহণ, অধিক্ষেত্রাধীন দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক, বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই ও প্রতিবেদন প্রেরণ, বাংলাদেশী পণ্য রপ্তানির লক্ষ্যে অধিক্ষেত্রাধীন দেশসমূহের নন ট্যারিফ বাধাসমূহ চিহ্নিতকরণ ও সম্ভাব্য সুপারিশ প্রেরণ। ইকনমিক মিনিস্টার, জেনেভা , বর্ণিত কার্যাবলী ছাড়াও বিশ্ব বাণিজ্য সংস্থায় বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন চুক্তি পর্যবেক্ষণ ও অবস্থান অবহিতকরণ এবং পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত দায়িত্ব পালন করবেন। |
| ২ | **কমার্শিয়াল কাউন্সেলর**<br>১। সিউল, দক্ষিণ কোরিয়া<br>২। ব্রাসিলিয়া, ব্রাজিল<br>৩। ব্রাসেলস,বেলজিয়াম<br>৪। তেহরান, ইরান<br>৫। আঙ্কারা, তুরস্ক<br>৬।লসএঞ্জেলস, যুক্তরাষ্ট্র | ৬ টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | |
| ৩ | **প্রথম সচিব (বাণিজ্যিক)**<br>১। অটোয়া, কানাডা<br>২। কুনমিং, চীন | ২ টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে কমপক্ষে ২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ১৫০৫ তারিখ ২৩/৯/২৪
যুগ্মসচিব: প্রশাসন
উপসচিব: আইন/প্রশাসন-১
উপসচিব/সিনিয়র সহকারী সচিব: প্রশাসন-২
উপসচিব/সহকারী সচিব : প্রশাসন-৩
স্বাক্ষর

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
ডাইরী নং ৭৭৬
তাং ২৪/০৯/২৪

**শর্তাবলি:**

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসের (ক্যাডারভুক্ত) যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে নিজ মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী **১১/১০/২০২৪ তারিখ বিকাল ৪ : ৩০** টার মধ্যে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবিসহ **সচিব, বাণিজ্য মন্ত্রণালয়** বরাবর আবেদন করতে হবে।

২। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপসচিব, রপ্তানি-৩ শাখা, বাণিজ্য মন্ত্রণালয় (ভবন ৩, দ্বিতীয় তলা, কক্ষ ১২৬) এর নিকট পৌঁছাতে হবে। **আবেদনকারীকে পূরনকৃত 'জীবনবৃত্তান্ত ছক' এর সফট কপি (সংলগ্নি ছাড়া) মাইক্রোসফট ওয়ার্ড-এ 'নিকস' ফন্টে ই-মেইলে (export3@mincom.gov.bd) প্রেরণ করতে হবে।**

৩। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল গণ্য হবে।

৪। যে কোন পদের জন্য শুধু সমবেতন স্কেলের কর্মকর্তা আবেদন করতে পারবেন। সংশিষ্ট পদের এক ধাপ উচ্চ বেতন স্কেলের অথবা নিম্ন বেতন স্কেলের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৫। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ মিশনের একই পদ বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরুপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৬। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৭। ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচিত হবে না।

৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি-এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। প্রার্থিত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৭ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। একাধিক মিশনের জন্য পৃথকভাবে আবেদন করা যাবে না।

১০। গত ১০ ডিসেম্বর ২০২৩ খ্রি তারিখে পত্র নং ২৬.০০.০০০০.১০২.১১.০১৩.২৩.৩৮১ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাতিল করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল কর্মকর্তা ইতোপূর্বে আবেদন করেছেন, তাদের মধ্যে আগ্রহী প্রার্থীগণকে পুনরায় আবেদন করতে হবে।

১১। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮/১২/১৯৯৩ তারিখের মপবি/রির্পোট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১/০৭/২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের নীতিমালা অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: জীবন বৃত্তান্ত ছক (১ পৃষ্ঠা)

১২.৯.২০২৪

মোহাম্মদ জাকির হোসেন
উপসচিব
ফোন:৯৫৪৯৩৪৮
export3@mincom.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)

৩। সিনিয়র সচিব/সচিব (সকল)......................................... (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তাঁর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪। প্রধান উপদেষ্টার একান্ত সচিব-১, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)

৫। বাণিজ্য মন্ত্রণালয়ের কমিশন/অধিদপ্তর (সকল) .........................................

৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)

৭। অতিরিক্ত সচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৮। উপদেষ্টার একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১। সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১২। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, রপ্তানি অনুবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২। বাণিজ্য মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড

# জীবন বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) :

২। বর্তমান আবাসিক ঠিকানা :

৩। স্থায়ী ঠিকানা :

৪। জন্ম তারিখ ও আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স :

৫। পদবি এবং বর্তমান কর্মস্থল :

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

৭। বর্তমান গ্রেড ও বেতন স্কেল :

৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগাদানের তারিখ :

৯ ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদপত্র জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত) :

১০। ইতোপূর্বে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ:

| পদের নাম | অফিস | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | কর্মকাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

১১। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে):

| ডিগ্রীর নাম | প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | অর্জিত শ্রেণী/বিভাগ/সিজিপিএ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১২। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় | বিদেশের ক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের দেশের নাম |
|---|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | | |
| (খ) বিদেশী | | | | |

১৩। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :

১৪। বিদেশে পূর্বতন পোষ্টিং(যদি থাকে) :

১৫ । বৈবাহিক অবস্থা :

১৬। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :

১৭। প্রার্থিত পদের নাম ও মিশনের নাম :

১৮। অন্যান্য বিষয় (যদি থাকে) (পৃথক কাগজে আবেদনকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত তথ্য সংযোজন করা যাবে) :

আবেদনকারীর ‘স্বাক্ষর ও সিল’

তারিখ :

ফোন (অফিস):

ফোন (বাসা) :

মোবাইল :

ইমেইল :